

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৯৫

১/ বিবিধ

আরবী

إذا مدح الفاسق غضب الرب واهتز لذلك العرش
منكر

رواه أبو الشيخ في " العوالي " (1 / 32) والخطيب في " تاريخه " (7 / 298 و 8 / 428) من طريق أبي خلف خادم أنس عن أنس بن مالك مرفوعا. ومن هذا الوجه رواه ابن أبي الدنيا في " زم الغيبة " كما ذكره المناوي وقال: " أبو خلف قال الذهبي: قال يحيى: كذاب، وقال أبو حاتم: منكر الحديث. وقال ابن حجر في " الفتح " : سنده ضعيف. (قال المناوي) : ورواه ابن عدي عن بريدة، قال العراقي: وسنده ضعيف. وفي " الميزان " : خبر منكر

বাংলা

৫৯৫। যখন কোন ফাসেক ব্যক্তির প্রশংসা করা হয় তখন প্রতিপালক (আল্লাহ) রাগান্বিত হন। আর এ কারণে আরশ কেঁপে উঠে।

হাদীছটি মুনকার।

এটি আবুশ শাইখ “আল-আওয়ালী” (১/৩২) গ্রন্থে এবং আল-খাতীব তার "তারীখ" (৭/২৯৮ ও ৮/৪২৮) গ্রন্থে আনাসের খাদেম আবু খালাফ সূত্রে আনাস ইবনু মালেক হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই ইবনু আবিদ দুনিয়া "যামুল গীবাহ" গ্রন্থে বর্ণনা করেছেন। যেমনটি মানবী উল্লেখ করে বলেছেনঃ হাফিয যাহাবী আবু খালাফ সম্পর্কে বলেন, ইয়াহইয়া বলেছেনঃ তিনি মিথ্যুক। আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থে বলেনঃ সনদটি দুর্বল। ইবনু আদী বুয়ায়দা হতে বর্ণনা করেছেন।

হাফয ইরাকী বলেনঃ তার সনদটি দুর্বল। "আল-মীযান" গ্রন্থে এসেছে হাদীছটি মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71474>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন